

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০২

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় হাদীসটি হয়তো পূর্বে বর্ণিত ইবনু আকবাস রাদ্বিয়াল্লাহ আনন্দ বর্ণিত হাদীসের বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوْهُمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌ لِّخَبَرِ أَبْنِ عَبَّاسٍ الَّذِي ذَكَرْنَا

আরবী

3802 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ جَعْفَرٍ بْنِ مُحَمَّدٍ

عَنْ أَبِيهِ عَنْ جَابِرٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَمَلَ مِنَ الْحَجَرِ إِلَى الْحَجَرِ.

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العالمة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3802 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض)) (212)،

((حجـة النبي صـلـى الله عـلـيـه وـسـلـمـ)) (57): مـ.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: رَمَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْبَيْتِ ثَلَاثًا وَمَشَ أَرْبَعًا

كَذَلِكَ قَالَهُ جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ فِي رِوَايَةِ أَصْحَابِهِ عَنْ جَابِرٍ وَأَخْتَصَرَ مَالِكُ الْخَبَرَ وَلَمْ

يَذْكُرْ أَنَّهُ رَمَلَ ثَلَاثًا وَمَشَ أَرْبَعًا فَكَانَ الرَّمَلُ لِعْلَةً مَعْلُومَةً وَهِيَ أَنْ يَرَاهُمُ الْمُشْرِكُونَ

جُلَدَاءً لَا ضَعْفَ بِهِمْ فَأَرْتَفَعَتْ هَذِهِ الْعِلْمُ وَيَقِنَ الرَّمَلُ فَرِضًا عَلَى أُمَّةِ الْمُصْنَطَفِيِّ صَلَّى

الله عـلـيـه وـسـلـمـ إـلـى يـوـم الـقـيـامـةـ.

বাংলা

৩৮০২. জাবির রাদ্বিয়াল্লাহ আনন্দ থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাজরে আসওয়াদ থেকে হাজরে আসওয়াদ পর্যন্ত রমল করেছেন।”

আবু হাতিম ইবনু হিবান রহিমাল্লাহ বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাইতুল্লাহর তিন তাওয়াফে রমল করেছেন আর চার চক্র স্বাভাবিকভাবে হেঁটে তাওয়াফ করেছেন। এভাবেই জাফর বিন মুহাম্মাদের ছাত্র তার থেকে হাদীস বর্ণনা করেছেন। আর ইমাম মালিক রহিমাল্লাহ হাদীসটি সংক্ষিপ্তভাবে বর্ণনা

করেছেন। তিনি এটা উল্লেখ করেননি যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিনবার রমল করেছেন আর চার চক্র স্বাভাবিকভাবে হেঁটে তাওয়াফ করেছেন। বস্তুত তাঁর রমলটি একটি নির্দিষ্ট কারণে ছিল, সেটা হলো যাতে মুশরিকরা তাদের মোটাতাজা ও সবল দেখতে পায়। অতঃপর সেই কারণটি দূর হয়ে যায় কিন্তু নাবী মুসতফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মতের উপর কিয়ামত পর্যন্ত রমল ফরয বহাল থেকে যায়।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৬৪; দারেমী: ২/৪২; সহীহ মুসলিম: ১২৬৩; তিরমিয়ী: ৮৫৭; নাসাই: ৫/২৩০; ইবনু মাজাহ: ২৯৫১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয়: ২১২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93141>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন